

প্রস্তাবিত আইডিয়ার বিস্তারিত বিবরণঃ

প্রথম পর্যায়ঃ

ইন্সট্রাক্টর, সহকারি ইন্সট্রাক্টর, বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং প্রাক-প্রাথমিক শিক্ষক সমন্বয়ে নির্ধারিত ১০টি বিদ্যালয়ে ১ম শ্রেণিতে প্রাক-প্রাথমিক শিক্ষা সম্পন্ন শিক্ষার্থীদের উপর নির্ধারিত চেকলিস্টের মাধ্যমে পর্যবেক্ষণ করে তারা কতটুকু প্রাক-প্রাথমিক শ্রেণির যোগ্যতা অর্জন করেছে তা নিরূপন করব।

দ্বিতীয় পর্যায়ঃ

বিদ্যালয়গুলিকে চেক লিস্টে প্রাপ্ত স্কোরের ভিত্তিতে শ্রেণিকরণ করব।

তৃতীয় পর্যায়ঃ

এবার ইউআরসি ইন্সট্রাক্টর শিক্ষা অফিসারসহ নির্ধারিত ১০টি বিদ্যালয়ের প্রধান শিক্ষক, প্রাক-প্রাথমিক শিক্ষক, ১০ জন অভিভাবক, সংশ্লিষ্ট ক্লাস্টারের ইউইও এবং ইউআরসি সহকারি ইন্সট্রাক্টরকে নিয়ে ইউআরসিতে একটি মত বিনিময় সভার আয়োজন করব। উক্ত সভায় যে সকল বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণির যোগ্যতা অর্জন করাতে সক্ষম হয়েছে সে আইডিয়াগুলো সকলের জন্য তুলে ধরা হবে। সেই সাথে প্রাক-প্রাথমিক শিক্ষককে দৈনিক ১০ মিনিট অনুযায়ী পাঠদান, উপকরণ ব্যবহার, অভিভাবকগণকে শিশুদের নিয়মিত বিদ্যালয়ে পাঠানোর, প্রধান শিক্ষককে ৫+বয়সের এর নিচে শিশু ভর্তি না করানো এবং অভর্তিকৃত শিশু শ্রেণিতে না রাখার বিষয়টি তুলে ধরা হবে।

চতুর্থ পর্যায়ঃ

বর্তমান বছরের শিক্ষার্থীদের উপর প্রাপ্ত ফলাফলগুলো প্রয়োগ করা হবে এবং প্রতি দুইমাসে একটি করে মতবিনিময় সভার আয়োজন করা হবে। নিম্নলিখিত মাসগুলোতে সভা অনুষ্ঠিত হবে:

১ম মতবিনিময় সভা- ফেব্রুয়ারী/১৮

২য় মতবিনিময় সভা- এপ্রিল/১৮

৩য় মতবিনিময় সভা- জুন/১৮

৪র্থ মতবিনিময় সভা- আগস্ট/১৮

৫ম মতবিনিময় সভা- অক্টোবর/১৮

৬ষ্ঠ মতবিনিময় সভা- ডিসেম্বর/১৮

প্রতিটি মতবিনিময় সভার আগে ইন্সট্রাক্টর, সহকারি ইন্সট্রাক্টর, প্রধান শিক্ষক একত্রে প্রাক-প্রাথমিক শিক্ষককে নিয়ে তার শ্রেণিপাঠ পর্যবেক্ষন করে দেখবেন তারা কাজিত যোগ্যতা অর্জন করতে পারছে কিনা।

বাজেট বিভাজন :-

প্রধান শিক্ষক- ১০ জন

প্রাক-প্রাথমিক শিক্ষক - ১০ জন

অভিভাবক - ১০ জন

উপজেলা শিক্ষা অফিসার - ১ জন

সহকারি উপজেলা শিক্ষা অফিসার - ১ জন

ইউআরসি ইন্সট্রাক্টর ও সহকারি ইন্সট্রাক্টর - ২ জন

মোট-৩৪ জন

ক্রঃনং	বিবরণ	একক ব্যয়	দিন সংখ্যা	একক মোট ব্যয়	বছরে মোট ব্যয়
১	অংশ গ্রহনকারী খাবার ভাতা	১৫০/- × ৩৪	১	৫১০০/- × ৬	৩০৬০০/-
২	অংশ গ্রহনকারীর যাতায়াতভাতা	১০০/- × ৩০	১	৩০০০/- × ৬	১৮০০০/-
৩	কোর্স ম্যাটেরিয়ালস	১৫ × ৩০	১	৪৫০/- × ৬	২৭০০/-
৪	সাপোর্ট	১৫০ × ২	১	৩০০/- × ৬	১৮০০/-
৫	অন্যান্য(ব্যানার সহ)	১১৫০/-	১	১১৫০/- × ৬	৬৯০০/-
	মোট				৬০,০০০/-
	(কথায়- ষাট হাজার টাকা মাত্র)				

